

NYC পাবলিক স্কুলস্-এ কী ঘটছে

Shiko këtë dokument në shqip

عرض هذه الوثيقة باللغة العربية

এই নথিটি বাংলা ভাষায় দেখুন

查看本文件的简体中文版本

查看本文件的繁体中文版本

Consultez ce document en français

Gade dokiman sa a an Kreyòl ayisyen

이 문서를 한국어로 보십시오

Документ на русском языке

Consulte este documento en español

Переглянути цей документ українською мовою

اس دستاویز کو اردو میں ملاحظہ کریں

Ushbu hujjatni ichida ko'ring O'zbek

schools.nyc.gov/MessagesForFamilies

অক্টোবর 2026

NYC পাবলিক স্কুলস্-এর (NYCPS) এই সর্বসাম্প্রতিক তথ্যে রয়েছে 2026-27 শিক্ষা বছরের ক্যালেন্ডারের গুরুত্বপূর্ণ আসন্ন তারিখসমূহ, আসন্ন ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত তথ্য, প্যারেন্ট-টিচার কনফারেন্স, দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) জন্য প্রস্তুতি গ্রহণ, টিকাদানের (ভ্যাকসিনেশন) শর্তাবলী, এবং নতুন ইলেক্ট্রনিক ডিভাইস সংক্রান্ত নীতি।

বিষয়সূচি

- আসন্ন গুরুত্বপূর্ণ তারিখসমূহ
- 2027 হাই স্কুলে ভর্তি প্রক্রিয়া
- 2027 মিডল্ স্কুলে ভর্তি প্রক্রিয়া
- ইলেকশন ডে-তে (নির্বাচনের দিন) দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) জন্য প্রস্তুতি গ্রহণ
- নভেম্বরের প্যারেন্ট-টিচার কনফারেন্সসমূহ
- সেল ফোন এবং ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহার সংক্রান্ত নীতি
- আপনার সন্তানের টিকা গ্রহণ (ভ্যাকসিনেশন) হালনাগাদ রাখুন।
- NYC পাবলিক স্কুলস্-এর খবরাখবর দেখুন

আসন্ন গুরুত্বপূর্ণ তারিখসমূহ

- 12 অক্টোবর: ইটালিয়ান হেরিটেজ ডে (ঐতিহ্য দিবস)/ইনডিজিনাস পিপলস্ ডে (আদিবাসী দিবস), স্কুল ছুটি
 - 3 নভেম্বর: ইলেকশন ডে (নির্বাচন দিবস), সকল শিক্ষার্থীর জন্য স্কুল দূর থেকে বা রিমোটভাবে হবে
 - 5 নভেম্বর: এলিমেন্টারি স্কুলগুলোর জন্য বৈকালিক/সাক্ষ্যকালীন প্যারেন্ট-টিচার কনফারেন্স (PTC)*
 - 11 নভেম্বর: ভেটেরান্স ডে, স্কুল ছুটি
 - 12 নভেম্বর: মিডল্ স্কুল এবং D75 স্কুলগুলোর জন্য বৈকালিক/সাক্ষ্যকালীন PTC*
 - 19 নভেম্বর: হাই স্কুল, K-12, এবং 6-12 স্কুলগুলোর জন্য সাক্ষ্যকালীন PTC
 - 20 নভেম্বর: হাই স্কুল, K-12, এবং 6-12 স্কুলগুলোর জন্য দুপুরের PTC*
- *(এই স্কুলগুলোতে শিক্ষার্থীদেরকে তিন ঘণ্টা আগে ছুটি দেওয়া হয়)

2027 হাই স্কুলে ভর্তির প্রক্রিয়া

6 অক্টোবর থেকে শুরু করে, বর্তমান অষ্টম গ্রেডের এবং প্রথমবারের মতো নবম গ্রেডের শিক্ষার্থীরা এই বছরের NYCPS-এর হাই স্কুলে ভর্তির আবেদন প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারে। 2027-এর ফল (হেমন্ত) হাই স্কুলে ভর্তির আবেদন শেষ হবে শুক্রবার, 4 ডিসেম্বর। আরও জানতে schools.nyc.gov/HS দেখুন।

স্পেশালাইজড হাই স্কুল অ্যাডমিশন টেস্ট (SHSAT)

যেসব শিক্ষার্থী আটটি পরীক্ষাগ্রহণকারী স্কুলগুলোর একটিতে যেতে আগ্রহী, তাদেরকে অবশ্যই SHSAT ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য 6 অক্টোবর এবং 30 অক্টোবরের মধ্যে রেজিস্টার করতে হবে। SHSAT অনুষ্ঠিত হবে নভেম্বরে। আরও জানুন এবং অনুশীলনীর জন্য প্রয়োজনীয় উপকরণ দেখুন schools.nyc.gov/SHSAT ওয়েবসাইটে। স্পেশালাইজড হাই স্কুলগুলোতে ভর্তি সম্পর্কে আরও তথ্যের জন্য schools.nyc.gov/SHS দেখুন।

2027 মিডল্ স্কুলে ভর্তির প্রক্রিয়া

বুধবার, 14 অক্টোবর থেকে শুরু করে, বর্তমান পঞ্চম গ্রেডের শিক্ষার্থীরা (K-6 এলিমেন্টারি স্কুলগুলোর জন্য, ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থীরা) 2027-এর ফল (হেমন্ত) মিডল্ স্কুলের ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারে। 2027-এর ফল (হেমন্ত) মিডল্ স্কুলে ভর্তির আবেদন শেষ হবে **শুক্রবার, 11 ডিসেম্বর**। আরও জানতে schools.nyc.gov/MS দেখুন।

মার্ক টোয়াইন-ডিস্ট্রিক্ট 21 ট্যালেন্ট টেস্ট

যেসব শিক্ষার্থী মার্ক টোয়াইন I.S. 239-এর গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড (21K239) কিংবা ডিস্ট্রিক্ট 21-এর ছয়টি বাছাইকারী মিডল্ স্কুলে ভর্তি হতে আগ্রহী, তাদেরকে অবশ্যই মার্ক টোয়াইন ট্যালেন্ট টেস্ট-এ অংশগ্রহণের জন্য **2 নভেম্বরের** মধ্যে রেজিস্টার করতে হবে। আরও জানতে schools.nyc.gov/MSAuditions দেখুন।

ইলেকশন ডে-তে (নির্বাচনের দিন) দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) জন্য প্রস্তুতি গ্রহণ

শিক্ষার্থীরা মঙ্গলবার, **3 নভেম্বর** দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) অংশগ্রহণ করবে। . বাড়িতে আপনার সন্তানের একটি কার্যকর, ইন্টারনেট-সংযুক্ত ডিভাইস আছে এবং কীভাবে NYCPS স্টুডেন্ট অ্যাকাউন্টে (schools.nyc.gov/StudentAccounts) যেতে হয়, নিশ্চিত করুন যে সেটা তার জানা আছে। সাহায্য লাগলে selfservice.schools.nyc দেখুন বা আপনার স্কুলে যোগাযোগ করুন।

আপনার যদি NYCPS-থেকে ডিভাইস ধার করার প্রয়োজন হয়, তবে **এখনই** সরাসরি আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন। আপনার ধারকৃত ডিভাইস ব্যবহার কীভাবে শুরু করবেন তা জানতে schools.nyc.gov/NYCPSdevices দেখুন। আরও জানতে schools.nyc.gov/DigitalLearning দেখুন।

2027 নভেম্বর প্যারেন্ট-টিচার কনফারেন্স

এই বছর প্যারেন্ট-টিচার কনফারেন্সগুলোর (PTC) দ্বিতীয় দফা শুরু হবে **বৃহস্পতিবার, 5 নভেম্বর**। PTC-গুলো পরিচালনা করা হবে দূর থেকে (রিমোট)। তবে, অনুরোধসাপেক্ষে স্কুলগুলো সশরীরে উপস্থিতিতে কনফারেন্স আয়োজন করতে পারে। তারিখ এবং সময় স্কুল এবং গ্রেড স্তরের উপর নির্ভর করে পরিবর্তিত হতে পারে—আপনার সন্তানের PTC সময়সূচি নিশ্চিত করতে এবং আপনার মিটিং ধার্য করতে তার স্কুলের সাথে কথা বলুন। পরামর্শ এবং পথ-নির্দেশনার জন্য **PTC** দেখুন।

সেল ফোন এবং ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার সংক্রান্ত নীতি

নিউ ইয়র্ক স্টেটের আইন অনুযায়ী, শিক্ষার্থীরা স্কুল দিবসে তাদের সেল ফোন এবং অন্যান্য ব্যক্তিগত ইন্টারনেট-সক্ষম ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করতে পারবে না। ডিভাইস সংরক্ষণ সম্পর্কিত আপনার স্কুলের নীতি আপনার জানা আছে এবং অনুসরণ করছেন তা নিশ্চিত করুন। আরও জানতে schools.nyc.gov/DevicePolicy দেখুন।

আপনার সন্তানের টিকা গ্রহণ (ভ্যাকসিনেশন) হালনাগাদ রাখুন।

স্কুলে অংশগ্রহণের জন্য 2 মাস থেকে 18 বছর বয়সী সকল NYCPS শিক্ষার্থীদেরকে অবশ্যই উভয় স্টেট এবং সিটির টিকাদানের শর্তাবলী পূরণ করতে হবে। গ্রেড অনুযায়ী প্রযোজ্য শর্তাবলী পর্যালোচনা করুন schools.nyc.gov/Immunizations গুয়েবপেজে। আরও জানতে আপনার সন্তানের স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন। সেবাপ্রদানকারীর খোঁজ পাবেন pndslookup.health.ny.gov পেজে।

NYC পাবলিক স্কুলস্-এর খবরাখবর দেখুন

schools.nyc.gov/MorningBell-এ দ্যা মর্নিং বেল ব্লগ বুকমার্ক করুন এবং NYC পরিবারদের জন্য সর্বসাপ্রতিক খবর এবং তথ্য-সংস্থানের জন্য ফেসবুক, ইন্সটাগ্রাম, X এবং ইউটিউব-এ @NYCSchools অনুসরণ করতে ভুলবেন না!